গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও পরিকল্পনা
গৃহ নির্মাণ ঋণ শাখা-২
www.mof.gov.bd

নম্বর: ০৭.০০.০০০০.০০০.২০৮.৩০.০০২১.২৬.৪৩২

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: ডাঃ মুনতাসির মনসুর, মেডিকেল অফিসার (ওএসডি), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা-এর অনুকূলে পরিশোধসূচি মোতাবেক গৃহ নির্মাণ ঋণ প্রদানে অর্থ বিভাগের সম্মতি এবং সরকার প্রদত্ত সুদ ভর্তুকির চূড়ান্ত মঞ্জুরি আদেশ।**

জনাব/মহোদয়,
সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্র মূলে জারিকৃত "সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা, ২০১৮ (সংশোধিত)" অনুযায়ী বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের **০১/০৩/২০২৬** খ্রিঃ তারিখের এসবিপিএলসি/ওয়েজ/সরকারী/ফ্ল্যাট ক্রয়/২৬৬ স্মারকে প্রেরিত তফসিল চূড়ান্ত বলে বিবেচিত। উক্ত পরিপত্রের ৮নং অনুচ্ছেদ মোতাবেক ঋণগ্রহীতার অনুকূলে নিম্নে বর্ণিত ছক এবং শর্ত অনুযায়ী ঋণ প্রদানের বিষয়ে নির্দেশক্রমে সম্মতি এবং সুদ ভুর্তকি প্রদানের চূড়ান্ত মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| | |
|---|---|
| ঋণগ্রহীতার নাম (NID সহ) | **ডাঃ মুনতাসির মনসুর,** NID নং-1465476446 |
| ঋণ বাস্তবায়নকারি সংস্হা | ব্যাংকঃ সোনালী ব্যাংক পিএলসি, শাখা-ওয়েজ আর্নার্স কর্পোরেট শাখা, ঢাকা।<br>ব্যাংক একাউন্ট-০০০৩৪০১০০৯১৭৬, রাউটিং নং-২০০২৭৬৯১৩ |
| গৃহীত ঋণের পরিমাণ | ৬৫,০০,০০০/- (পঁয়ষট্টি লক্ষ) টাকা |
| ঋণ বিতরণের তারিখ | **১৯/০৪/২০২৬ খ্রি.** |
| ঋণ গ্রহণের কারণ | **ফ্ল্যাট ক্রয়** |
| ঋণের ধরণ | একক |
| কিস্তি শুরুর তারিখ | ০৫/১০/২০২৬ খ্রি. |
| সুদ ভর্তুকি প্রদানের মাস | সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. |
| মাসিক সুদ ভর্তুকির পরিমাণ | **১৪,১২৪/-** (চৌদ্দ হাজার একশত চব্বিশ) টাকা |
| মোট সুদ ভর্তুকির পরিমাণ | **৩৩,০৪,৯৫৩/- (তেত্রিশ লক্ষ চার হাজার নয়শত তিপ্পান্ন)** টাকা |
| সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ | ঋণের মেয়াদপূর্তির তারিখ পর্যন্ত: **০৫/০৩/২০৪৬ খ্রি.** |
| সর্বশেষ ভর্তুকি প্রদানের মাস | **ফেব্রুয়ারি, ২০৪৬ খ্রি.** |

শর্তাবলিঃ
(ক) অর্থ বিভাগের পূর্বসম্মতি ব্যতিত ঋণ পরিশোধের তফসিল পরিবর্তন করা যাবে না;
(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে;
(গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় **"১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩-** সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি **"** কোড হতে পরিশোধ করা হবে;
(ঘ) ঋণগ্রহীতা তাঁর মাসিক বেতন বিলের সাথে চূড়ান্ত তফসিল মোতাবেক সুদ ভর্তুকির টাকা উত্তোলন করতে পারবেন। তবে পরিশোধিত ভর্তুকির পরিমাণ নীতিমালা অনুযায়ী প্রাপ্য অর্থের বেশি হলে ঋণগ্রহীতা এবং ঋণ প্রদানকারী সংস্থা অতিরিক্ত অর্থ, অর্থ বিভাগের "১০৯০১০১১০১৪৩৫-১৪৪১২০২ অতিরিক্ত দেয় টাকা আদায়" কোডে ফেরত দিতে বাধ্য থাকবেন;
(ঙ) ফ্ল্যাট ক্রয় ঋণের ক্ষেত্রে ফ্ল্যাট বিক্রেতার অনুকূলে ঋণের অর্থ বিতরণ করা হবে এবং ঋণ গ্রহীতার নামীয় ব্যাংক হিসাব এর মাধ্যমে ঋণ পরিশোধের মাসিক কিস্তির অর্থ আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত

হবে। গৃহনির্মাণ ঋণ এর ক্ষেত্রে নীতিমালার ৪(ঘ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে;

(চ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন;

(ছ) ঋণগ্রহীতা তাঁর পিআরএল সমাপ্তির পূর্বে ঋণের আসল আংশিক/সম্পূর্ণ পরিশোধ করতে চাইলে অর্থ বিভাগের পূর্বানুমতি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে;

(জ) ঋণ গ্রহীতার চাকুরীকাল শেষ হবার পূর্বেই গৃহনির্মাণ ঋণ এককালীন পরিশোধ এর ক্ষেত্রে পরিশোধ এর তারিখে ঋণের অপরিশোধিত আসল ও অপরিশোধিত সুদসহ সকল অর্থ ঋণগ্রহীতা পরিশোধ করবেন;

(ঝ) ঋণ গ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী সংস্থা এবং অর্থ বিভাগকে অবহিত  করবেন;

(ঞ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে;

(ট) লিয়েন শেষে মূল চাকুরীতে যোগদানের পর রিপেমেন্ট শিডিউল পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে অর্থ বিভাগ বরাবর সংশোধিত মঞ্জুরী আদেশ এর জন্য আবেদন করতে হবে;

(ঠ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে কোন জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন;

(ড) কোন ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু কিংবা ফৌজদারি/দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করতে হবে;

(ঢ) কোন ঋণগ্রহীতার চাকুরীর মেয়াদ বৃদ্ধি পেলে তিনি যদি উক্ত সময়ের জন্য  সরকারপ্রদত্ত ভর্তুকি সুবিধা প্রাপ্য হন তবে মেয়াদ বৃদ্ধির সাথে সাথেই বিষয়টি অর্থ বিভাগকে অবহিত করতে হবে। ঋণটি পুনঃতফশিলীকরণের জন্য অর্থ বিভাগে আবেদন করতে হবে। অর্থ বিভাগ সংশোধিত চূড়ান্ত মঞ্জুরি আদেশ জারি করবে;

(ণ) এই মঞ্জুরিপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে;

(ত) পরবর্তীতে কোনরুপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ তথ্য পরিলক্ষিত হলে এ আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করে;

(থ) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৭.২২.০০১.২১-৮১৬ নম্বর পরিপত্র মূলে জারিকৃত "সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা-২০১৮"এর প্রযোজ্য অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

আপনার বিশ্বস্ত,

১৬-০৭-২০২৬
তা, শা, শামীম সিদ্দিকী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

**নম্বর:** ০৭.০০.০০০০.০০০.২০৮.৩০.০০২১.২৬.৪৩২/১ (৫)

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।

২। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।

৪। ডাঃ মুনতাসির মনসুর, মেডিকেল অফিসার (ওএসডি), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা। (ঋণগ্রহীতা iBAS সিস্টেমে যে ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতা ও ঋণের সরকারি ভর্তুকি গ্রহণ করছেন সে ব্যাংক হিসাবেই অবসরোত্তর পেনশন ও অন্যান্য সুবিধাদি যেন ছাড়করণ করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৬-০৭-২০২৬
তা, শা, শামীম সিদ্দিকী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)